



# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়

অস্থায়ী কার্যালয় : পুরাতন বিমান বন্দর, ঢাকা-১২১৫।

ওয়েবঃ www.bsmraau.edu.bd, ই-মেইলঃ recruitment@bsmraau.edu.bd

বিজ্ঞপ্তি নংঃ বিএসএমআরএইউ/রেজিঃ/১৫৬/২০/০৭

তারিখঃ ১৫ জানুয়ারী ২০২০

## নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ২০১৯ সনের ০৫ নং আইন দ্বারা প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ এর জন্য নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ	পদের নাম ও গ্রেড	বেতন স্কেল (টাকা)	পদ সংখ্যা	সর্বোচ্চ বয়স	মন্তব্য
১।	অধ্যাপক (গ্রেড-৩) / সহযোগী অধ্যাপক (গ্রেড-৪)	৫৬,৫০০-৭৪,৪০০/- /৫০,০০০-৭১,২০০/-	০৫	৫৫ বৎসর / ৪৫ বৎসর	১। শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা সংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.bsmraau.edu.bd) দেখুন। ২। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ১০ ফেব্রুয়ারী ২০২০।
২।	সহকারী অধ্যাপক (গ্রেড-৬)	৩৫,৫০০-৬৭,০১০/-	১০	৪০ বৎসর	
৩।	প্রভাষক (গ্রেড-৯)	২২,০০০-৫৩,০৬০/-	১৫	৩০ বৎসর	

### রেজিস্ট্রার

বিএসএমআরএইউ

### শর্তাবলী

১। আগ্রহী প্রার্থীদের আবেদনপত্র ১০ ফেব্রুয়ারী ২০২০ তারিখের মধ্যে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, পুরাতন বিমানবন্দর, ঢাকা-১২১৫ ঠিকানায় ডাকযোগে / সরাসরি রেজিস্ট্রার অফিসে অথবা অথবা recruitment@bsmraau.edu.bd ই-মেইল ঠিকানায় পৌঁছাতে হবে। আবেদন ফরমসমূহ অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bsmraau.edu.bd বা রেজিস্ট্রার অফিস হতে সংগ্রহ করা যাবে। প্রার্থীত পদের নাম খামের উপর / ই-মেইল ঠিকানায় স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। ডাকযোগে পাঠানো আবেদনপত্রের সাথে প্রার্থীর যোগাযোগের ঠিকানাসহ ১০ টাকার ডাকটিকিট সম্বলিত ফেরত খাম সংযুক্ত করতে হবে।

২। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় (বিএসএমআরএইউ) এর অনুকূলে যে কোনো তফশিলী ব্যাংক হতে ৮০০.০০ (আটশত) টাকা মূল্যের পে-অর্ডার / ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট / পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখা, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে। ই-মেইল ঠিকানায় প্রেরিত আবেদনপত্রের সাথে পে-অর্ডার / ব্যাংক ড্রাফট এর স্ক্যানকপি সংযুক্ত করতে হবে এবং পে-অর্ডার / ব্যাংক ড্রাফট এর মূলকপি আবেদনপত্রের ফটোকপি সমেত সরাসরি / ডাকযোগে প্রেরণ করতে হবে।

৩। প্রার্থীকে আবেদনপত্রের সাথে সদ্যতোলা ৫ সে. মি X ৫ সে. মি সাইজের ০৩ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি, প্রকাশনার অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে), অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সনদের সত্যায়িত অনুলিপি জমাদান করতে হবে। ই-মেইল ঠিকানায় প্রেরিত আবেদনপত্রের সাথে উল্লেখিত সনদসমূহের স্ক্যানকপি সংযুক্ত করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সকল কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

৪। মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধার পুত্র / কন্যা কোটার প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদের সত্যায়িত কপি ও অন্যান্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি জমাদান করতে হবে। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।

৫। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর বয়ঃসীমা সর্বোচ্চ সীমার মধ্যে থাকতে হবে। চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতর পদে আবেদনের জন্য বয়ঃসীমা শিথিলযোগ্য।

৬। চাকুরীরত প্রার্থীদের তাদের নিজ নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করতে হবে।

৭। অত্র বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নের মাধ্যম ইংরেজি বিধায় প্রার্থীগণকে ইংরেজিতে পারদর্শী হতে হবে।

৮। লিখিত / মৌখিক পরীক্ষার তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bsmraau.edu.bd এর মাধ্যমে জানানো হবে।

৯। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রের উপর কোনো ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হবে। আবেদনপত্র গ্রহন অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।